

## 34761 - যিলহজের ১১ তারিখের কিছু ভুলভাস্তি ও 'অবিলম্বে মীনা ত্যাগ'

### প্রশ্ন

প্রশ্ন: যে ব্যক্তি ১২ ই যিলহজ এই ধারণা করে কংকর মারেনি যে, এটাই 'অবিলম্বে মীনা ত্যাগ' এবং বিদায়ী তাওয়াফ না করে মক্কা ছেড়ে এসেছে; তার হজের হুকুম কী?

### প্রিয় উত্তর

আলহামদুলিল্লাহ।

শাহী উচাইয়ীন (রহং) বলেন:

তার হজ শুন্দ। কেননা তিনি হজের কোন রূক্ন ছেড়ে দেননি। কিন্তু, তিনি যদি ১২ তারিখে মীনাতে রাত্রি যাপন না করে থাকেন তাহলে তিনি সর্বমোট তিনটি ওয়াজিব ছেড়ে দিয়েছেন।

প্রথম ওয়াজিব: ১২ তারিখে মীনাতে রাত্রি যাপন করা।

দ্বিতীয় ওয়াজিব: ১২ তারিখে কংকর নিক্ষেপ করা।

তৃতীয় ওয়াজিব: বিদায়ী তাওয়াফ করা।

তার উপরে ওয়াজিব হচ্ছে- প্রত্যেকটি ওয়াজিব ছেড়ে দেওয়ার কারণে একটি করে দম (পশ্চ) জবাই করে মক্কার গরীবদের মাঝে বণ্টন করে দেওয়া।[ফাতাওয়া আরকানুল ইসলাম, পৃষ্ঠা-৫৬৬]

কেননা যে ব্যক্তি হজের কোন ওয়াজিব বর্জন করে তার উপরে দম দেওয়া ওয়াজিব হয়। সে ব্যক্তি উক্ত পশ্চটি জবাই করে মক্কার গরীবদের মাঝে বণ্টন করে দিবেন।